

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৭.০০৭.১৮.১২৬

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭

০৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: চাঁদপুর জেলার সদর উপজেলার ফরক্কাবাদ ডিগ্রি কলেজের অভিযুক্ত ২জন শিক্ষকের বেতন ভাতা স্থগিতকরণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৪.১৯.২৫৫ তারিখ: ১১.৮.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলার ফরক্কাবাদ ডিগ্রি কলেজের ২জন শিক্ষক (১) জনাব মো: জাহাঙ্গীর হোসেন (ইনডেক্স নং ৩০৯৩৯৩৪), প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) এবং (২) জনাব মো: নোমান সিদ্দিকী (ইনডেক্স নং ৩০৯৫২৬৬), প্রভাষক (কম্পিউটার) এর বিরুদ্ধে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি.কে নিয়ে সোশ্যাল মিডিয়াতে অপপ্রচার চালানোর অভিযোগে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা হয় এবং পুলিশ কর্তৃক গ্রেফতার হন। এ ছাড়া উক্ত অপপ্রচার চালানোর বিষয়টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রমান হয়েছে।

২.০ এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) চাঁদপুর জেলার সদর উপজেলার ফরক্কাবাদ ডিগ্রি কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক জনাব মো: জাহাঙ্গীর হোসেন (ইনডেক্স নং ৩০৯৩৯৩৪) এবং কম্পিউটার বিষয়ের প্রভাষক জনাব মো: নোমান সিদ্দিকী (ইনডেক্স নং ৩০৯৫২৬৬) এর এম.পি.ও. সাময়িকভাবে স্থগিতকরণ;

(খ) প্রভাষক জনাব মো: জাহাঙ্গীর হোসেন এবং প্রভাষক জনাব মো: নোমান সিদ্দিকী এর এম.পি.ও. কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না সে মর্মে তাদের কারণ দর্শানো ;

(গ) উভয় শিক্ষক হতে কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর উক্ত জবাবের উপর মতামত প্রদান করে জরুরিভিত্তিতে এ বিভাগে প্রতিবেদন প্রেরণ।

৩-৯-২০২০

মোঃ কামরুল হাসান  
উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,  
ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৭.০০৭.১৮.১২৬/১(৮)

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭

০৩ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৫) অধ্যক্ষ, ফরক্কাবাদ ডিগ্রী কলেজ, সদর, চাঁদপুর।
- ৬) জনাব মো: জাহাঞ্জীর হোসেন, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ফরক্কাবাদ ডিগ্রী কলেজ, সদর, চাঁদপুর।
- ৭) জনাব মো: নোমান সিদ্দিকী, প্রভাষক, কম্পিউটার, ফরক্কাবাদ ডিগ্রী কলেজ, সদর, চাঁদপুর।
- ৮) অফিস কপি।



৩-৯-২০২০

মোঃ কামরুল হাসান  
উপসচিব